# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-09-2026** **Time: 1.40 P.M.**

রাজ্য সরকার, আগামী ১৭'ই সেপ্টেম্বর থেকে রাজ্য জুড়ে 'সেবা সংকল্প অভিযান' শুরু করার নির্দেশ দিয়েছে।

সরকারি প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া, জনসচেতনতা বৃদ্ধি এবং নাগরিকদের অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে এই অভিযান চলবে ১০'ই অক্টোবর পর্যন্ত। রাজ্যের সমস্ত দফতর, জেলা প্রশাসন, পুরসভা ও ব্লক প্রশাসনকে সমন্বিতভাবে এই কর্মসূচি পালন করতে বলা হয়েছে।

সরকারের তরফে জানানো হয়েছে, ১৭'ই সেপ্টেম্বর 'আশীর্বাদের প্রদীপ' কর্মসূচির মাধ্যমে অভিযানের সূচনা হবে। দোসরা থেকে চৌঠা অক্টোবর 'সেবা সেতু অভিযান'-এ ব্লক, পুরসভা ও পুরনিগম এলাকায় শিবির করে সরকারি প্রকল্প ও পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। এছাড়া 'আমার স্বপ্নের ভারত—চিত্র সেবা', 'নমো সেবা—অজানা কাহিনি', 'সেবার কাহিনি', 'সেবায় আমার যোগদান', 'সেবা জ্যোতিকলস যাত্রা' এবং 'সেবা ফার্স্ট ইনোভেশন চ্যালেঞ্জ'-সহ একাধিক কর্মসূচির আয়োজন করা হবে।

নির্দেশিকায় বলা হয়েছে, যোগ্য উপভোক্তাদের শিবির থেকেই বিভিন্ন সরকারি প্রকল্পে নথিভুক্ত করার ব্যবস্থা থাকবে। পাশাপাশি বিজ্ঞান, প্রযুক্তি, শিক্ষা, শিল্প ও উদ্ভাবনের ক্ষেত্রেও বিশেষ কর্মসূচির আয়োজন করা হবে। কলকাতাকে এই অভিযানের অন্যতম আঞ্চলিক কেন্দ্র হিসেবে প্রস্তাব করা হয়েছে।

oooooooooooooooooooooooooooo

জমির মালিকের অজান্তে ভুয়ো রেজিস্ট্রি রুখতে নতুন প্রযুক্তিনির্ভর ব্যবস্থা আনছে রাজ্য সরকার। স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন দফতর ‘আপনি’ নামে একটি মোবাইল অ্যাপ চালু করতে চলেছে, যার মাধ্যমে রেজিস্ট্রি অফিসেই ক্রেতা ও বিক্রেতার পরিচয় ডিজিটালভাবে যাচাই করা হবে। পরীক্ষামূলকভাবে আগামী সপ্তাহে বিধাননগরে পরিষেবা চালু হচ্ছে। দু'সপ্তাহের ট্রায়ালের পর দুর্গাপুজোর আগেই রাজ্যজুড়ে তা চালুর পরিকল্পনা রয়েছে।

জমি রেজিস্ট্রির আবেদন জমা পড়লেই ক্রেতা ও বিক্রেতাকে একটি করে কোয়ারি নম্বর দেওয়া হবে। প্রথম পর্যায়ে আধার যাচাই সম্পন্ন হওয়ার পর উভয় পক্ষকে মোবাইলে মাত্র ৪ এমবির ‘আপনি’ অ্যাপ ডাউনলোড করতে হবে। রেজিস্ট্রির নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রেজিস্ট্রি অফিসে উপস্থিত থেকে অ্যাপে কুয়েরি নম্বর দিয়ে নিজের কোয়ারি যাচাই করতে হবে। মোবাইলের ক্যামেরার সামনে চোখের পাতা দু’বার ফেললেই তথ্য রাজ্যের নির্দিষ্ট পোর্টালে পৌঁছে যাবে। সেই তথ্য মিলিয়ে দেখবেন রেজিস্ট্রার বা সংশ্লিষ্ট আধিকারিক।

oooooooooooooooooooooooooooo

রাজ্যের ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। তবে এব্যাপারে স্বাস্থ্য দপ্তর কড়া নজর রাখছে বলে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন। চলতি বছরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা পাঁচ হাজার ছাড়িয়েছে। তবে স্বাস্থ্য দপ্তর ডেঙ্গু মোকাবিলায় রক্ত পরীক্ষা বাড়ানোর উপর জোর দিয়েছে। স্বাস্থ্য দফতরের তথ্য অনুযায়ী, এখনো পর্যন্ত ৬ হাজার ৮২৬ জনের অ্যালাইজা টেস্ট হয়েছে।

এই মুহূর্তে ডেঙ্গু পজিটিভ রোগীর সংখ্যা ১৪৯ জন।  শহরাঞ্চলে যে সব ওয়ার্ড এবং গ্রামে যেসব পঞ্চায়েত এলাকায় একাধিক আক্রান্তের সংখ্যা মিলেছে, সেই

জায়গাগুলিকে হটস্পট চিহ্নিত করে বিশেষ ব্যবস্থা নিচ্ছে স্বাস্থ্য দপ্তর। এ পাশাপাশি মশাবাহিত রোগ প্রতিরোধে সচেতনতার উপর জোর দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাতে রাস্তার ধারে বাস পার্কিংয়ের জন্য এবার থেকে ৭০০ টাকা করে ফি নেওয়া হবে বলে রাজ্যের পরিবহণমন্ত্রী অর্জুন সিং জানিয়েছেন। তিনি জানান, এই সিদ্ধান্তে যেমন সরকারের রাজস্ব বাড়বে, তেমনই বাসমালিকেরাও নির্দিষ্ট নিয়ম মেনে রাস্তার ধারে বাস রাখতে পারবেন।

মন্ত্রীর দাবি, আগের সরকারের আমলে রাস্তার ধারে বাস পার্কিং থেকে কোনও অর্থ সরকারি কোষাগারে জমা পড়ত না। নতুন ব্যবস্থায় সেই রাজস্ব সরকারের ঘরেই আসবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের গঙ্গাসাগর মেলাকে আরও আধুনিক ও প্রযুক্তিনির্ভর করে তুলতে কুম্ভ মেলার আয়োজকদের অভিজ্ঞতা কাজে লাগানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। জানা গিয়েছে, ভিড় নিয়ন্ত্রণ, নিরাপত্তা, নজরদারি এবং তথ্যপ্রযুক্তির ব্যবহার নিয়ে কুম্ভ মেলার সঙ্গে যুক্ত বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া হবে। প্রয়োজনে তাঁদের গঙ্গাসাগরেও আনা হতে পারে। অতীতের তুলনায় এবার প্রযুক্তির ব্যবহার আরও বিস্তৃত হবে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, উন্নত ড্রোন নজরদারি, আধুনিক ভিড় নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং ডিজিটাল ব্যবস্থাপনার মতো প্রযুক্তি অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে। আগামী বছর হরিদ্বারে অর্ধকুম্ভ থাকলেও গঙ্গাসাগরে পুণ্যার্থীদের ভিড় কমবে না বলেই প্রশাসনের অনুমান। সেই কারণেই আগাম প্রস্তুতিতে বিশেষ জোর দেওয়া হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

সুন্দরবনে ফাইভ-স্টার ইকো-ফ্রেন্ডলি ট্রি-হাউস রিসর্ট গড়ে তোলার পরিকল্পনা করেছে রাজ্য সরকার। পাশাপাশি হেলিকপ্টারে আকাশপথে পর্যটকদের ব্যাঘ্র দর্শনের ব্যবস্থাও করা হবে। গতকাল সুন্দরবন সফরে এসে গোসাবায় সাংবাদিক সম্মেলনে এই পরিকল্পনার কথা জানান রাজ্যের পর্যটন ও সাংস্কৃতিক বিষয়ক উপদেষ্টা মিঠুন চক্রবর্তী। তিনি জানান, সুন্দরবনে ৮-১০টি জনমানবহীন দ্বীপ রয়েছে। সেখানেই পিপিপি মডেলে এই রিসর্ট তৈরির অনুমতি দেওয়া হবে। বেসরকারি সংস্থাকে ৯৯ বছরের জন্য জমি লিজ দেওয়া অথবা স্থায়ীভাবে জমি তুলে দেওয়ার পরিকল্পনা রয়েছে। তবে কোনও কংক্রিটের নির্মাণ হবে না বলেও তিনি উল্লেখ করেন।

oooooooooooooooooooooooooooo

জেলবন্দি তৃণমূল কংগ্রেস নেতা শেখ শাহজাহান বাহিনীর মূল সহযোগী  রশিদ কাজীকে জিজ্ঞাসাবাদ করে  কার্তুজ সহ দুটি আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে। গোপন ডেরায় এগুলি লোকানো ছিল। গতরাতে রশিদকে সঙ্গে নিয়ে পুলিশ অভিযান চালায়। এর আগে গত বৃহস্পতিবার পুলিশ রশিদকে গ্রেফতার করে।  তার বিরুদ্ধে এর আগে ভোট পরবর্তী সন্ত্রাস , বাড়িঘর ভাঙচুর , বোমাবাজি , খুনের উদ্দেশ্যে গুলি চালানো , খুন করার চেষ্টা , মাছের ভেড়ি লুট , আগ্নেয়-অস্ত্র নিয়ে খুনের হুমকি দিয়ে বাড়িছাড়া করা সহ একাধিক অভিযোগ ছিল ।

oooooooooooooooooooooooooooo

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় রাজ্য জুড়ে পালিত হচ্ছে গণেশ চতুর্থী। বারোয়াড়ি পুজোর পাশাপাশি অনেক গৃহস্থের বাড়িতেও সিদ্ধিদাতা গণেশ পুজোর আয়োজন করা হয়েছে।

দেশের কোন কোন স্থানে ১০ দিনব্যাপী গণেশ উৎসব পালিত হয়ে থাকে। গণেশ পূজো উপলক্ষে মণ্ডপগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে।

oooooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে আগামীকাল শুনবেন আলোচনা *রাষ্ট্রীয় পুষ্টি মাস*। মেদিনীপুর সদর ব্লকের আয়ুর্বেদ চিকিৎসক ডাক্তার সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আগামীকাল রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooooooooo

দেশের বিভিন্ন অংশ থেকে বর্ষা বিদায়ের মতন অনুকূল আবহাওয়া তৈরি হয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। প্রথমেই এ মাসের ১৯ তারিখের মধ্যে পশ্চিম রাজস্থান থেকে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বিদায় নেবে। তবে এখনো এ রাজ্যে মৌসুমী বায়ু সক্রিয় রয়েছে। উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকাতে একটি ঘূর্ণাবর্ত্যও তৈরি হয়েছে। এর ফলে দক্ষিণবঙ্গে আজ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে। তবে উত্তরবঙ্গে আগামী ১৬ তারিখ পর্যন্ত হিমালয় সন্নিহিত জেলাগুলিতে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

oooooooooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে সুপার সিক্স পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে ইস্টবেঙ্গল আজ, মহামেডান স্পোর্টিং-এর বিরূদ্ধে খেলবে। কল্যাণী ষ্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর তিনটেয়। বারাসাত স্টেডিয়ামে এই ম্যাচ হওয়ার কথা থাকলেও আইএফএ জানিয়েছে, পুলিশের প্রয়োজনীয় অনুমতি না পাওয়ায় স্থান পরিবর্তন করা হয়েছে।

সুপার সিক্সের অন্য ম্যাচে আজ নিজেদের মাঠে **মোহনবাগান সুপার জায়ান্ট, ইউনাইটেড স্পোর্টস ক্লাবের মুখোমুখি** হবে। খেলা শুরু হবে তিনটেয়।

*oooooooooooooooooooooooo*

*OOOOOOOOOOOOOOOOOOOOOOOO*